শেখ হাসিনার উদ্যোগ

# পিরোজপুর পল্লী বিদ্যুৎ সমিতি

মরিচাল,হুলারহাট, পিরোজপুর।

ই-মেইল নং-gmppbs @yahoo.com

সবার জন্য বিদ্যুৎ

মুজিব শতবর্ষ

স্মারক নং-২৭.১২.৭৯৮০.৫২১.০১.০৩৮.২৪. ৬৫০৬ তারিখঃ- ২১ ফাল্গুন, ১৪৩০ বঙ্গাব্দ / ০৫ মার্চ, ২০২৪ খ্রিস্টাব্দ

## "উন্মুক্ত দরপত্র বিজ্ঞপ্তি (OTM)"

পিরোজপুর পল্লী বিদ্যুৎ সমিতির নিজস্ব তহবিলের আওতায় পবিস ক্যাম্পাসে বালি ভরাট করণ, আউট সোর্সিং পদ্ধতিতে সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮ অনুযায়ী নিরাপত্তা প্রহরী সরবরাহ এবং কর্মচারীগণের জন্য কাপড়সহ পোশাক সেলাই করার লক্ষ্যে নিম্নোক্ত শর্তসাপেক্ষে আগ্রহী প্রতিষ্ঠানের নিকট হতে উন্মুক্ত দরপত্র আহবান করা যাচ্ছেঃ-

| প্যাকেজ নং | কাজের বিবরণ | দরপত্র দলিলের মূল্য | দরপত্র জামানতের পরিমান (টাকা) | দরপত্র দলিল বিক্রয়ের স্থান | দরপত্র দলিল বিক্রয়ের সময় সূচী | দরপত্র গ্রহন/খোলার সময়সূচী |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৬ | ৭ | ৮ |
| S-23-24-01-007 | আউট সোর্সিং পদ্ধতিতে নিরাপত্তা প্রহরী সরবরাহ (ক্যাটাগরী-৫), পদের সংখ্যা ১২ টি, মাসিক সেবা মূল্য (জনপ্রতি) ১৬,১৩০.০০ টাকা, বয়স সীমা ১৮-৩০ বছর, যোগ্যতা- নূ্যনতম এসএসসি পাশ। | ১৫০০/- | ২,৫২,০০০/- | ক) পরিচালক,পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (দঃ অঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা (খ) পিরোজপুর পল্লী বিদ্যুৎ সমিতির সদর দপ্তর। গ) তত্ত্বাবধায়ক প্রকৌশলীর কার্যালয়,বরিশাল জোন, বাপবিবো, বরিশাল। | ০৭/০৩/২০২৪ খ্রিঃ তারিখ বৃহস্পতিবার হতে ২৮/০৩/২০২৪ খ্রিঃ তারিখ বৃহস্পতিবার অফিস চলাকালীন পর্যন্ত। | দরপত্র গ্রহন ৩১-০৩-২০২৪ খ্রিঃ তারিখ দুপুর ১২:০০ ঘটিকা পর্যন্ত এবং খোলা একই দিন ১২:০৫ ঘটিকায় শর্তাবলীর ৩নং ক্রমিকের উল্লেখিত স্থানে |
| W-23-24-04 | পবিস ক্যাম্পাসের অভ্যন্তরে উপকেন্দ্র ও তৎসংলগ্ন ডোবা ও নীচু জায়গা ড্রেজিং এর মাধ্যমে বালি ভরাট করণ। | ১,০০০/- | ৩১,০০০/- | | | |
| G-23-24-03 | কর্মচারীগণের জন্য কাপড়সহ পোশাক সেলাই করণ। | ১০০০/- | ১৬,০০০/- | | | |

শর্তাবলী:

০১। আগ্রহী দরদাতাগণ অফিস চলাকালীন সময়ে পিরোজপুর পবিস সদর দপ্তর, মরিচাল, হুলারহাট,পিরোজপুর হতে অতিরিক্ত তথ্য সংগ্রহ করতে পারবেন। দরপত্র বিজ্ঞপ্তি অত্র পবিসের ওয়েব সাইট (www.pbs.pirojpur.gov.bd) এবং বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের ওয়েব সাইট (reb.gov.bd) এ পাওয়া যাবে।

০২। আগ্রহী দরদাতাগণ পিরোজপুর পল্লী বিদ্যুৎ সমিতি এর অনুকূলে যে কোন তফসীলি ব্যাংক হতে দরপত্র দলিলের মূল্য বাবদ উপরে বর্ণিত টাকার (অফেরতযোগ্য) পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট সংযুক্ত করতঃ পিরোজপুর পল্লী বিদ্যুৎ সমিতি এর জেনারেল ম্যানেজার বরাবরে নিজস্ব লেটার হেড প্যাডে আবেদনের মাধ্যমে পিরোজপুর পল্লী বিদ্যুৎ সমিতি এর সদর দপ্তর অথবা পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (দঃ অঃ) পরিদপ্তর, বাপবিবো, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা অথবা তত্ত্বাবধায়ক প্রকৌশলীর কার্যালয়, বরিশাল জোন, বাপবিবো, বরিশাল হতে আলাদা আলাদা প্যাকেজের দরপত্র দলিল সংগ্রহ করতে পারবেন। ডাক/কুরিয়ার যোগে কোন দরপত্র দলিল প্রেরণ করা হবে না।

০৩। দরপত্র আগামী ৩১-০৩-২০২৪ খ্রি: তারিখ ছকে উল্লেখিত সময়ের মধ্যে পবিসের সদর দপ্তর, পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (দঃ অঃ) পরিদপ্তর, বাপবিবো, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা এবং তত্ত্বাবধায়ক প্রকৌশলীর কার্যালয়, বরিশাল জোন, বাপবিবো, বরিশাল-এ রক্ষিত টেন্ডার বাক্সে দাখিল করতে হবে। প্রাপ্ত দরপত্র একই দিন উল্লেখিত সময় ও স্ব স্ব স্থানে উপস্থিত দরদাতাগণের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।

০৪। জনবল সরবরাহকারী দরদাতাগণ কর্তৃক দুই সেট দরপ্রস্তাব দাখিল করতে হবে এবং অন্যান্য প্যাকেজের ক্ষেত্রে দরদাতাগণকে একটি মাত্র দরপ্রস্তাব (মূল কপি) দাখিল করতে হবে। দুই সেট দরপ্রস্তাবকারীর ক্ষেত্রে এক সেট হবে মূল দরপ্রস্তাব ও অপর এক সেট হবে মূল দরপ্রস্তাবের অবিকল ফটোকপি। মূল দরপ্রস্তাব ও কপি আলাদা খামে হবে। খামের উপর মূল দরপ্রস্তাব ও কপি লিখতে হবে। মূল দরপ্রস্তাব এর সাথে দরপত্র দলিল ক্রয়ের মূল রশিদ ও দরপত্র জামানতের মূল পে-অর্ডার সংযুক্ত করতে হবে এবং কপির সাথে ফটোকপি সংযুক্ত করতে হবে।

০৫। সকল দরপত্র দলিলের খামের উপরে দরদাতার পূর্ণাঙ্গ ঠিকানা, দরপত্র নং ও নাম স্পষ্ট করে লিখতে হবে।

০৬। প্রতিটি দরপত্রের সাথে পিরোজপুর পল্লী বিদ্যুৎ সমিতির অনুকূলে যে কোন তফসীলি ব্যাংক হতে নিরাপত্তা জামানত বাবদ উপরে বর্ণিত টাকার (ফেরতযোগ্য) পে-অর্ডার/ব্যাংক ড্রাফট সংযুক্ত করতে হবে।

০৭। আগ্রহী প্রতিষ্ঠানকে নিজস্ব লেটার হেড প্যাডে দরপত্র দলিলের উল্লেখিত বর্ণনা/ছক অনুসরণ পূর্বক প্রয়োজনীয় কাগজপত্র সহ সিলমোহরকৃত খামে দর প্রস্তাব দাখিল করতে হবে।

০৮। নির্বাচিত রেসপনসিভ দরদাতা প্রতিষ্ঠানের সাথে ৩০০.০০ (তিনশত) টাকা মূল্যের নন-জুডিসিয়াল স্ট্যাম্পে চুক্তিপত্র সম্পাদন করা হবে। চুক্তি সম্পাদনের তারিখ হতে উল্লেখিত সংশ্লিষ্ট প্যাকেজের কাজ/সেবা সম্পন্ন করার সময় গণনা আরম্ভ হবে।

০৯। দরপত্র সম্পর্কে কারো কোন জিজ্ঞাসা থাকলে/ ব্যাখ্যার প্রয়োজন হলে উহা দরপত্র খোলার নির্ধারিত তারিখের কমপক্ষে ০৭ (সাত) দিন পূর্বে জেনারেল ম্যানেজার, পিরোজপুর পবিস, মরিচাল, হুলারহাট, পিরোজপুর বরাবর অফিস চলাকালীন সময়ে লিখিতভাবে অনুরোধ জানাতে হবে।

১০। পিরোজপুর পল্লী বিদ্যুৎ সমিতি কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ অথবা বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

১১। দরপত্র দলিলে উল্লেখিত শর্তাবলী অত্র দরপত্র বিজ্ঞপ্তির শর্ত বলে বিবেচিত হবে। শর্ত বহির্ভূত কোন সমস্যার উদ্ভব হলে সমিতি কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

০৫-০৩-২৪
(আবু উমাম মোঃ মাহবুবুল হক)
জেনারেল ম্যানেজার।

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থা পরিচালন (দঃঅঃ)পরিদপ্তর , বাপবিবো, ঢাকা (নির্ধারিত তারিখে দরপত্র গ্রহণ ও খোলা প্রয়োজনীয় কব্যবস্থা গ্রহণের জন্য সদয় অনুরোধ করা হলো)।

০২। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (আইসিটি) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা (বাপবিবোর্ডের ওয়েব সাইটে প্রকাশের জন্য সদয় অনুরোধ করা হলো)।

০৩। জেলা প্রশাসক, পিরোজপুর/বরগুনা।
০৪। পুলিশ সুপার, পিরোজপুর/বরগুনা।
০৫। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বরিশাল জোন, বাপবিবো, বরিশাল।
০৬। মেয়র, পৌরসভা, পিরোজপুর।
০৭। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার ................................পবিস-১/২/৩/৪।
০৮। নির্বাহী প্রকৌশলী, এসওডি, বাপবিবো, পিরোজপুর।
০৯। নির্বাহী প্রকৌশলী, পিডব্লিওডি/এলজিইডি/, এলজিইডি/সড়ক ও জনপথ বিভাগ, পিরোজপুর/বরগুনা।
১০। উপজেলা নির্বাহী অফিসার,.....................................পিরোজপুর/বরগুনা।

নোটিশ বোর্ডের মাধ্যমে বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।

১১। ডিজিএম, (সদর-কারিগরী)/স্বরুপকাঠী/পাথরঘাটা/নাজিরপুর/মঠবাড়ীয়া জোনাল অফিস, পিপবিস।
১২। এজিএম (ওএন্ডএম), ভান্ডারিয়া/বামনা সাব-জোনাল অফিস, পিপবিস।
১৩। এজিএম (অর্থ/আইটি), পিপবিস [এজিএম (আইটি) ওয়েব সাইডে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন]।
১৪। মেসার্স ..............................................................।
১৫। নোটিশ বোর্ড, পিরোজপুর পবিস।
১৬। অফিস কপি/মাষ্টার কপি।

০৫-০৩-২৪
(আবু উমাম মোঃ মাহবুবুল হক)
জেনারেল ম্যানেজার।